প্রথম আলো

৭/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১...

# সাপ্তাহিক ছুটি

## অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্যের স্বার্থকে গুরুত্ব দিন

অবশেষে সাপ্তাহিক ছুটি শুধু শুক্রবারে করা হলো। মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে গত সোমবার এই সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্তটি সম্পর্কে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিশেষ করে যে সিদ্ধান্ত নেওয়া হলে ব্যবসায়ী মহল খুশি হতো, তা নেওয়া হয়নি।

দেশের ব্যবসায়ীরা চাইছিলেন সাপ্তাহিক ছুটি রোববারে হোক। রোববারে সাপ্তাহিক ছুটি হলে বৈদেশিক বাণিজ্যে অনেক অসুবিধা এড়ানো যেত। বৃহস্পতিবার অর্ধদিবস বন্ধ রাখার বর্তমান সিদ্ধান্তের ফলে বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের লেনদেন কার্যত সপ্তাহে সাড়ে তিন দিন বন্ধ থাকবে। ব্যবসায়ী নেতারা বলছেন বিষয়টি পুনর্বিবেচনা করে সাপ্তাহিক ছুটি রোববারে করা হলে ভালো হয়। প্রশাসনিক সংস্কারের ব্যাপারে সচিব কমিটিও রোববার সরকারি ছুটির একটি প্রস্তাব পেশ করেছিল। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীরাও সাপ্তাহিক ছুটির ব্যাপারে সরকারি সিদ্ধান্তে হতাশ হয়েছেন।

সন্দেহ নেই শুক্রবারের সাপ্তাহিক ছুটি পরিবর্তন করার বিষয়টি স্পর্শকাতর। কিন্তু দেশের অর্থনৈতিক অবস্থাকে বিবেচনায় নিলে এই স্পর্শকাতর বিষয়টিকেও বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতেই দেখতে হবে। উল্লেখযোগ্য যে, মুসলিমপ্রধান ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, পাকিস্তানে সাপ্তাহিক ছুটি রোববারে।

আমাদের মনে হয়, ব্যবসায়ী সম্প্রদায়ের কথা এই সরকারকে অনুধাবন করতে হবে। সচিব কমিটির প্রস্তাবকেও বিবেচনায় রাখতে হবে। যে সিদ্ধান্ত দেশের অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্যের জন্য কল্যাণকর এবং আপামর জনসাধারণের আশা-আকাঙ্ক্ষার সঙ্গে সঙ্গতিপূর্ণ, সে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।